বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**এসএমই বিভাগ**
**www.krishibank.org.bd**

নং-প্রকা/এসএমইবিঃ(শাখা-২)প্রক্রে-৩(৭৯)/২০২৩-২০২৪/৭৬(১২৫০) তারিখঃ ০৪/০১/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গ্রিন ব্যাংকিং খাতে পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন দাবীর বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এসএফডি সার্কুলার নং-০২, তারিখঃ ৩০/০৮/২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত সার্কুলারের মাধ্যমে গ্রিন ব্যাংকিং খাতে অর্থায়নকে ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম চালু করা হয়েছে, যা বিকেবি ক্রেডিট বিভাগের ১২/০৯/২০২৩ তারিখের পত্র নং-৬২৭(১২৫০) মূলে অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। উক্ত স্কিমের আওতায় ৩-১০ বছর মেয়াদে গ্রাহক পর্যায়ে হ্রাসকৃত সুদে (৩% ও ৫% হারে) ৭০টি পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে মেয়াদী ঋণ (Term Loan) প্রদানে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে। এক্ষেত্রে, উল্লিখিত সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসারে আলোচ্য স্কিমের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন দাবী সম্বলিত বিবরণীসহ (সংযোজনী-৩) আবেদন বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, গ্রিন ব্যাংকিং খাতে পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় মাঠ পর্যায়ে বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন দাবীর মাসিক তথ্যাদি/বিবরণীসমূহ নির্ভুলভাবে প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংযুক্ত এক্সেল শীট মোতাবেক অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্টদের বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য, গ্রিন ব্যাংকিং খাতে আলোচ্য স্কিমের আওতায় মাঠ পর্যায়ে বিতরণকৃত ঋণের পুনঃঅর্থায়ন দাবীর প্রতিবেদন নির্ধারিত সময়ে অত্র বিভাগে প্রেরণ না করা হলে বিতরিত ঋণ সমূহের জন্য প্রচলিত সুদ হার আরোপযোগ্য হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৪/০১/২০২৪

সংযুক্তিঃ বর্ণনামতে।

(আনন্দ মোহন গোপ)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৩৫৮৬৮০
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২৩-২০২৪/ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পরিপত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

০৪/০১/২০২৪
(আফরোজা ইসলাম শিমুল)
সহকারী মহাব্যবস্থাপক